



২২ মার্চ, ২০১৭

### প্রেসবিজ্ঞপ্তি

#### কল্পনা চাকমা অপহরণ মামলাটির বিচার বিভাগীয় তদন্তের আবেদনের উপর শুনানি অনুষ্ঠিত

কল্পনা চাকমা অপহরণ মামলায় দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদন (সত্য)- এর বিরুদ্ধে বিচার বিভাগীয় তদন্ত প্রার্থনায় দাখিলীয় নারাজী দরখাস্ত মামলার বাদী ও কল্পনা চাকমার সহোদর বড় ভাই কালিন্দী কুমার চাকমার উপস্থিতিতে আজ রাঙ্গামাটির চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (আমলী) আদালতে অধিকতর শুনানি সম্পন্ন হয়। শুনানি শেষে বিজ্ঞ আদালত অধিকতর শুনানির জন্য আগামী ২ মে ২০১৭ ধার্য তারিখ নির্ধারণ করেছেন।

উল্লেখ্য যে, বিগত ১৯৯৬ সালের ১১ জুন দিবাগত রাতে হিল উইমেন্স ফেডারেশনের তৎকালীন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক কল্পনা চাকমাকে তাঁর নিজ বাড়ী গ্রাম- নিউলাল্যাঘোনা, উপজেলা- বাঘাইছড়ি, জেলা- রাঙ্গামাটি থেকে অপহরণ করা হয়েছিল। এ ঘটনায় বিগত ১২/০৬/১৯৯৬ইং তারিখে কল্পনা চাকমার সহোদর বড় ভাই কালিন্দী কুমার চাকমা বাদী হয়ে বাঘাইছড়ি থানার মামলা নং- ২, তাং- ১২/০৬/১৯৯৬ইং; ধারা- ৩৬৪ দশবিধি দায়ের করেন। মামলার প্রায় সাড়ে চৌদ্দ বছর পর বিগত ২১/০৫/২০১০ইং তারিখে বাঘাইছড়ি থানার তদন্তকারী কর্মকর্তা প্রথম চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন। সেই প্রতিবেদনে প্রত্যক্ষদর্শী সাক্ষীদের বক্তব্যকে পাশকাটিয়ে তদন্ত কর্মকর্তা কল্পনা চাকমা অপহরণের বিষয়ে কোন তথ্য উদঘাটিত হয় নাই মর্মে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন। মামলাটি তদন্তের জন্য এ পর্যন্ত ৩৯ বার তদন্ত কর্মকর্তা পরিবর্তন করা হয়েছে।

বিগত ০৭ সেপ্টেম্বর ২০১৬ইং তারিখে মামলার ৩৯তম তদন্ত কর্মকর্তা রাঙ্গামাটির পুলিশ সুপার সাঈদ তারিকুল হাসান আদালতে পূরণীয় চূড়ান্ত তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তিনিও পূর্বের তদন্ত প্রতিবেদনের পুনরাবৃত্তি করে তার প্রতিবেদনে বলেছেন- ‘..... আমার তদন্ত কালে ভিকটিমের অবস্থান নিশ্চিত না হওয়ায় তাহাকে উদ্ধার করা সম্ভব হয় নাই। বিধায় মামলাটির তদন্ত দীর্ঘায়িত না করিয়া বাঘাইছড়ি থানার চূড়ান্ত রিপোর্ট সত্য নং- ০৩, তারিখ- ০৭/০৯/২০১৬ইং; ধারা- ৩৬৪ দঃ বিঃ বিজ্ঞ আদালতে দাখিল করিলাম। ভবিষ্যতে কল্পনা চাকমা সম্পর্কে কোনও তথ্য পাওয়া গেলে বা তাহাকে উদ্ধার করা সম্ভব হইলে যথানিয়মে মামলাটির তদন্ত পুনরুজ্জীবিত করা হইবে।’

এ রিপোর্ট প্রত্যাখান করে বিচার বিভাগীয় তদন্ত সম্পন্ন করার জন্য উল্লেখিত নারাজী দরখাস্ত দাখিল করা হয়। বিগত ১০/০১/২০১৭ইং তারিখে আবেদনটির শুনানি হলেও অদ্য অধিকতর শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিতে অংশ নেন ব্লাস্টের উপ-পরিচালক অ্যাডভোকেট মোঃ বরকত আলী, ব্লাস্ট চট্টগ্রাম ইউনিটের সমন্বয়কারী অ্যাডভোকেট রেজাউল করিম চৌধুরী, ব্লাস্ট রাঙ্গামাটি ইউনিটের সমন্বয়কারী অ্যাডভোকেট জুয়েল দেওয়ান এবং রাঙ্গামাটি আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রাজিব চাকমা, অ্যাডভোকেট সুস্মিতা চাকমাসহ কয়েকজন স্থানীয় আইনজীবী। এছাড়া শুনানি কালে চাকমা সার্কেল রাজা ব্যারিস্টার দেবশীষ রায়, চাকমা সার্কেল রাণী য়েন্ য়েন্ এবং মানবাধিকার কর্মী তন্দ্রা চাকমা ও বিপাশা চাকমা বিজ্ঞ আদালতে উপস্থিত ছিলেন।

#### বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)